

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১



জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর

www.iau.edu.bd

E-mail: iaupro.bd@gmail.com

স্মারক নং- ইআবি/জনসংযোগ, ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০৩৪৭

তারিখ : ১৪-১২-২০২৪ খ্রিস্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টিআকর্ষণ : বার্তা সম্পাদক/ চীফরিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

গ্রীষ্ম মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা /ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়াসহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

সংবাদ বিজ্ঞপ্তি

শহিদ বুদ্ধিজীবীদের প্রতি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শুভা নিবেদন

শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আজ সকালে রায়ের বাজার বধ্যভূমি সৃতিসৌধে শহিদ বুদ্ধিজীবীদের প্রতি গভীর শুভা নিবেদন করে পুস্পত্বক অর্পণ করেছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যাপেলের প্রফেসর ড. মোঃ শামতুল আলম। এ সময় শহিদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

ভাইস চ্যাপেলের মহোদয়ের সাথে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যাপেলের প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম, প্রো-ভাইস চ্যাপেলের প্রফেসর ড. মুহাম্মদ আবু জাফর খান, ট্রেজারার জনাব এ. এস. এম. মামুনুর রহমান খলিলী, রেজিস্ট্রার জনাব মোঃ আইউব হোসেন, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ রফিক আল মামুন, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমদ, সহকারী রেজিস্ট্রার জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান'সহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

পরে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যাপেলের প্রফেসর ড. মোঃ শামতুল আলম বলেন “বৈষম্য মুক্ত বাংলাদেশ চাই, সমাজে শ্রেণী বিভাজন, দ্বন্দ্ব, ভেদাভেদ থেকে বেরিয়ে আমরা সবাই এক হয়ে যেতে চাই, আমাদের বিবেকের দেয়ালকে ভেঙ্গে দিতে হবে, মুক্তিযুদ্ধে যারা শহিদ হয়েছেন এবং যারা বিজয়ী হয়েছেন এইটাই তাদের স্বপ্ন ছিলো”।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যাপেলের প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম, ট্রেজারার জনাব এ. এস. এম. মামুনুর রহমান খলিলী, রেজিস্ট্রার জনাব মোঃ আইউব হোসেন, ড. মোহাম্মদ হারুনুর রশিদ পরিচালক, বাংলা একাডেমি, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ রফিক আল মামুন, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমদ, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যাপেলের প্রফেসর ড. মুহাম্মদ আবু জাফর খান, সভা পরিচালনা করেন সহকারী রেজিস্ট্রার জনাব ফাহাদ আহমদ মোমতাজী। সভায় বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে শহিদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।



অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।



স্বাক্ষরিত/-
(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়